



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়
শেরপুর
web: www.food.sherpur.gov.bd



নং-১৩.০২.৮৯০০.০০০.১৮.০০১.১৯. ৫৮৭

তারিখঃ ১৭/০৪/২০২২ খ্রি.

অফিস আদেশ


শেরপুর জেলা সদরে ওএমএস ডিলারের মাধ্যমে আটা বিক্রির উদ্দেশ্যে খাদ্য অধিদপ্তরের বন্টন শাখার ০৬/০৩/২০২২ খ্রি. তারিখের ২১১ নং স্মারকে মেসার্স সূচী ফ্লাওয়ার মিলস্, বিসিক শিল্পনগরী, শেরপুর এর অনুকূলে ১৬৯ মে.টন গমের বরাদ্দ প্রদানের প্রেক্ষিতে তা উপ-বরাদ্দ প্রদান করা হয়েছে। উক্ত উপ-বরাদ্দের মিলারের নিকট প্রাপ্য ফলিত আটা হতে ডিলার প্রতি দৈনিক ০.৫০০ মে.টন হারে নিম্নোক্ত তারিখে সংশ্লিষ্ট ০৪ জন ওএমএস ডিলারের মাধ্যমে ২ মে.টন আটা নীতিমালার আলোকে বিক্রির জন্য বরাদ্দ প্রদান করা হলো।

ওএমএস ডিলারগণ মেসার্স সূচী ফ্লাওয়ার মিলস্ হতে প্রতি কেজি ১৬/- (ষোল) টাকা দরে বরাদ্দকৃত পরিমাণ আটা ক্যাশ মেমোর মাধ্যমে উত্তোলন করবেন এবং বিক্রির নির্ধারিত তারিখে জন প্রতি ০৫ (পাঁচ) কেজি হারে প্রতি কেজি ১৮/- (আঠার) টাকা দরে (ডিলার প্রতি দৈনিক সর্বোচ্চ ০.৫০০ মে.টন বা ৫০০ কেজি) আটা বিক্রয় করবেন।

নং	ওএমএস ডিলারের নাম, দোকানের অবস্থান ও মোবাইল নাম্বার	তদারকী কর্মকর্তার নাম	আটা বরাদ্দের পরিমাণ (মে.টন)	বিক্রির তারিখ
১।	জনাব মোঃ আব্দুল হাকিম সুরুজ, নবীনগর বাজার, ০১৭১৩৫০৩২৩১	জনাব মোঃ ইদ্রিস আলী অফিস সহকারী কাম-কম্পি: মুদ্রা:	০.৫০০	১৮/০৪/২২ (সোমবার)
২।	জনাব হারুন অর রশিদ, হাসপাতাল রোড, নারায়ণপুর, ০১৭১৮১৬০৪৩৮	জনাব মোঃ শাহ আলম সহকারী উপ-খাদ্য পরিদর্শক	০.৫০০	
৩।	জনাব মোঃ সাদিকুর রহমান, চকপাঠক, ০১৭১১১২৯৮৫২	জনাব মোঃ জিন্নাত আলী নিরাপত্তা প্রহরী	০.৫০০	
৪।	জনাব মোঃ শাহজালাল, সজবরখিলা, ০১৯২৫৩০৫৪১০	জনাব মোঃ আতাউর রহমান খান উপ-খাদ্য পরিদর্শক	০.৫০০	
মোট =			২.০০০	


শর্তাবলীঃ

- করোনা ভাইরাস সংক্রমণ এড়ানোর লক্ষ্যে অত্র দপ্তরের ১৪/০৪/২০২১ খ্রি. তারিখের ৩১৫ নং স্মারকের নির্দেশনা কঠোরভাবে মেনে চলতে হবে। ব্যর্থতায় আইনগত ব্যবস্থা গ্রহণ করা হবে।
- আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের দপ্তর, ময়মনসিংহ এর ২০/১২/২০২১ খ্রি. তারিখের ১২৬৯ নং স্মারকের নির্দেশনা মোতাবেক সংশ্লিষ্ট ফ্লাওয়ার মিলার ফলিত আটা শেরপুর এলএসডি-১ এ সরবরাহপূর্বক পাকা রশিদ প্রদানের মাধ্যমে ওএমএস ডিলারের নিকট সরবরাহ করবেন এবং সংরক্ষণ ও চলাচল কর্মকর্তা, শেরপুর এলএসডি-১ আলাদা রেজিস্টারে সকল হিসাব লিপিবদ্ধ করবেন।
- ডিলারগণকে বরাদ্দ আদেশের সমুদয় আটা একসাথে উত্তোলন করতে হবে।
- তদারকী কর্মকর্তা দিনের বিক্রয়যোগ্য আটা ও চালের পরিমাণ যাচাইপূর্বক সন্তুষ্ট হয়ে বিক্রয় আদেশ দেয়ার পূর্বে বিক্রয় শুরু করা যাবে না।
- দিনের বিক্রয় শেষে তদারকী কর্মকর্তা বিক্রিত পণ্যের মাস্টাররোল ও মজুত যাচাই করে রেজিস্টারে স্বাক্ষর করবেন।
- ওএমএস দোকান তদারকীকালেন কোন অনিয়ম পরিলক্ষিত হলে তাৎক্ষণিক নিম্নস্বাক্ষরকারীকে অবহিত করবেন।


শাঃ ২০২২
মোঃ আল-ওয়াজিউর রহমান
জেলা খাদ্য নিয়ন্ত্রক
ফোন: ০৯৩১-৬১৩৪৮

ইমেইল: dcf.spr@dgfood.gov.bd

(চলমান পাতা-২)



শাঃ ২০২২

নং-১৩.০২.৮৯০০.০০০.১৮.০০১.১৯. ৫৮৭ (১৭)

তারিখঃ ১৭/০৪/২০২২ খ্রি.

অবগতি ও প্রয়োজনীয় (প্রয়োজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল:

- ১) জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, শেরপুর
- ২) আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ
- ৩) পুলিশ সুপার, শেরপুর
- ৪) উপজেলা নির্বাহী অফিসার, শেরপুর সদর, শেরপুর
- ৫) উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, শেরপুর সদর, শেরপুর।
- ৬) সংরক্ষণ ও চলাচল কর্মকর্তা, শেরপুর এলএসডি-১, শেরপুর- আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের দপ্তর, ময়মনসিংহ এর ২০/১২/২০২১ খ্রি. তারিখের ১২৬৯ নং স্মারকের নির্দেশনা যথাযথভাবে প্রতিপালন করার জন্য বলা হলো
- ৭) জনাব মোঃ মাহবুবুর রহমান, খাদ্য পরিদর্শক, অত্র দপ্তর, শেরপুর।
- ৮) তদারকী কর্মকর্তা (সকল),
- ৯) মেসার্স সূচি ফ্লাওয়ার মিলস্, প্রোঃ বিপ্লব প্রসাদ কানু, বিসিক শিল্পনগরী, শেরপুর সদর, শেরপুর-আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের দপ্তর, ময়মনসিংহ এর ২০/১২/২০২১ খ্রি. তারিখের ১২৬৯ নং স্মারকের নির্দেশনা যথাযথভাবে প্রতিপালন করার জন্য বলা হলো
- ১০) ওএমএস ডিলার (সকল),
- ১১) অফিস কপি, অত্র দপ্তর, শেরপুর


১৭/৪/২০২২
জেলা খাদ্য নিয়ন্ত্রক
শেরপুর


১৭/৪/২০২২